

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

"কৃষিই সমৃদ্ধি"



কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

হিসাব বিভাগ (প্রঃভঃতঃ শাখা)

www.badc.gov.bd



পরিপত্র নং: ০৩

তারিখ: ০৬/০৬/২০২১


পরিপত্র

বিষয়: প্রদেয় ভবিষ্য তহবিলের আগাম/ঋণ এবং প্রঃভঃতঃ চূড়ান্ত পাওনা পরিশোধ প্রসঙ্গে।

গত ০১/০৪/২০২১ তারিখ সংস্থার প্রদেয় ভবিষ্য তহবিল এর পরিচালনা বোর্ডের অনুষ্ঠিত ২০২০-২১ অর্থ বছরের ৬ষ্ঠ সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়েছে:

১. মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের প্রঃভঃতঃ চূড়ান্ত পাওনা ও আগাম/ঋণের তহবিল আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক অফিসের মাধ্যমে স্থানান্তরের পরিবর্তে সংশ্লিষ্ট ব্যক্তির ব্যাংক হিসাবের মাধ্যমে (সঞ্চয়ী হিসাব) তহবিল স্থানান্তর করা হবে;
২. ঋণ মঞ্জুরের চিঠি সংশ্লিষ্ট আইনি দপ্তর এবং স্ব স্ব দপ্তরে প্রেরণ করতে হবে যাতে ঋণ কর্তনে কোন বিঘ্ন সৃষ্টি না হয়। সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের আগাম/ঋণ মঞ্জুরের পরিমাণ ও অন্যান্য তথ্য iBAS++ এ এন্ট্রি হবে এবং যথারীতি ঋণ কর্তন অব্যাহত থাকবে;
৩. চাঁদা দাতার ব্যাংক হিসাব নম্বরের সঠিকতা যাচাইয়ের জন্য প্রঃভঃতঃ ঋণের আবেদন পত্রের সাথে চাঁদা দাতার ব্যাংক হিসাবের চেক বহির প্রথম পাতার ফটোকপি সংযুক্ত করতে হবে। অন্যথায় ঋণের আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
৪. প্রঃভঃতঃ চূড়ান্ত পাওনা পরিশোধের জন্য আবেদনপত্রে ব্যাংক হিসাব নম্বর উল্লেখসহ ব্যাংক হিসাবের চেক বহির প্রথম পাতার ফটোকপি নথিতে সংযুক্ত করতে হবে ;
৫. সংস্থার কর্মকর্তা/কর্মচারীর চাকুরীকাল ৩ বছর পূর্ণ হওয়ার পূর্বে নিজস্ব জমার উপর সর্বোচ্চ ৮০% প্রঃভঃতঃ ঋণ মঞ্জুর করা হবে;
৬. সাময়িক বরখাস্তকালীন সময়ে কোন কর্মকর্তা/ কর্মচারীকে ঋণ/আগাম মঞ্জুর করা হবে না।

জারীকৃত পরিপত্র জুলাই/২০২১ থেকে কার্যকর হবে।



(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)

পরিচিতি নং: ০৪০০০৫

হিসাব নিয়ন্ত্রক

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫২১৫০

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, বিএডিসি, ঢাকা।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
- ৩। সদস্য পরিচালক (অর্থ/ সার/ বীজ/ ক্ষুদ্রসেচ), মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি ঢাকা।
- ৪। (সকল বিভাগীয় প্রধান), বিএডিসি, ঢাকা (আওতাধীন দপ্তর সমূহকে অবগত করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। উপ হিসাব নিয়ন্ত্রক (সদর), হিসাব বিভাগ, বিএডিসি, ঢাকা।
- ৬। আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি(সকল) (আওতাধীন দপ্তর সমূহকে করার জন্য অনুরোধ করা হলো)।
- ৭। সহকারী হিসাব নিয়ন্ত্রক (ব্য:দা:), হিসাব বিভাগ, বিএডিসি, ঢাকা।
- ৮। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৯। অফিস কপি।